



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/২৮(১২)/৫/১১৬

তারিখ: ১১ নভেম্বর, ২০২৫

### নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ রেজিস্ট্রার দপ্তরের জন্য অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটরের ০১(এক)টি পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০/=( গ্রেড-১৬)

বয়স : সর্বোচ্চ ৩২(বত্রিশ) বছর

আবেদনের শেষ তারিখ : ৩০ নভেম্বর, ২০২৫

#### আবেদনের প্রক্রিয়া

প্রার্থীকে career.sust.edu তে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করে প্রথমে প্রোফাইল তৈরি করে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। অফলাইনে/সরাসরি আবেদন গ্রহণযোগ্য নয়। অনলাইনে আবেদনের সময় যেসব বিষয় আপলোড করতে হবে :

(ক) সকল সনদপত্র/প্রশংসাপত্রের স্ক্যান করা পিডিএফ কপি (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০/৩০০ পিক্সেল) (গ) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (ঘ) উক্ত পদের জন্য ২০০/=(দুইশত) টাকা নির্ধারিত ফি (সব ধরণের চার্জ ব্যতিত) অনলাইনে আবেদনের সময় পরিশোধ করতে হবে (ঙ) জাতীয় পরিচয়পত্রের স্ক্যান করা পিডিএফ কপি কিংবা জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্মনিবন্ধন সনদের স্ক্যান করা পিডিএফ কপি (চ) প্রার্থীর স্বাক্ষর (৩০০/৮০ পিক্সেল) (ছ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমাণপত্র।

#### যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত :

যোগ্যতা ও অভিজ্ঞতার কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.sust.edu থেকে ডাউনলোড করা যাবে অথবা career.sust.edu এ 'বিস্তারিত দেখুন' অপশনের নিচের অংশে 'প্রকাশিত বিজ্ঞপ্তি' পাওয়া যাবে। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির  
রেজিস্ট্রার



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/২৮(১২)/৫/১১৬

তারিখ: ১৯ নভেম্বর, ২০২৫

অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর এর  
যোগ্যতা ও অভিজ্ঞতা

- ক) প্রার্থীকে উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় পাশ ও কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং এ ইংরেজি ও বাংলা টাইপিংয়ে প্রতি মিনিটে যথাক্রমে ৩০ ও ২০টি শব্দ গতিসহ এমএস অফিসের বিভিন্ন প্রোগ্রামে জ্ঞানসম্পন্ন হতে হবে।
- খ) শিক্ষাজীবনে সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড থাকতে হবে।

(বি: দ্র: এ বিশ্ববিদ্যালয়ে প্রথম নিয়োগ এবং পদোন্নতির ক্ষেত্রে সমপর্যায়ের পদে অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতার সময়কালকে ৭৫% হিসাবে গণ্য করা হবে তা সর্বোচ্চ ৪(চার) বছর গণ্য হবে এবং স্নাতক (সম্মান) এবং মাস্টার্স পর্যায়ে শিক্ষাপ্রদানকারী জাতীয় বিশ্ববিদ্যালয়/প্রাইভেট বিশ্ববিদ্যালয়/সরকার ও বিশ্ববিদ্যালয় স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের অভিজ্ঞতার সময়কালকে ৫০% হিসাবে গণ্য হবে, তবে তা সর্বোচ্চ ২(দুই) বছর গণ্য হবে)।

বয়স: সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর।

সৈয়দ হুসেইন মোহাম্মদ আব্দুল কাদির  
রেজিস্ট্রার

  
২২/১১/২৫